



Association for Protection of Democratic Rights

গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি

Eternal Vigilance is the Price of Liberty

18 Madan Baral Lane, Kolkata - 700 012

Website: www.apdrwb.in Email: apdr.wb@gmail.com

Contact: +919432276415/ +918981416511

শ্রদ্ধায় স্মরণে প্রয়াত কবি শঙ্খ ঘোষ

আজ (বুধবার, ২১শে এপ্রিল, ২০২১) সকালে প্রয়াত হলেন শঙ্খ ঘোষ যিনি অসম্ভব শক্তিশালী কবি শুধু নন, রবীন্দ্র পণ্ডিত শুধু নন, দারুণ শিক্ষক শুধু নন, বহু পুরস্কারে সন্মানিত শুধু নন- তিনি ছিলেন বর্তমান সময় ও সমাজের বিবেকের অন্যতম বলিষ্ঠ কণ্ঠস্বর।

প্রয়াত কবি মিছিলে হেঁটেছেন, সভায় উপস্থিত থেকেছেন, প্রতিবাদী বয়ানে স্বাক্ষর করেছেন। মানুষের অধিকারের সপক্ষে নির্দিষ্ট ঘটনার প্রতিক্রিয়ায় লিখেছেন এমন কিছু প্রবন্ধ বা কিছু কবিতা যা আজও বিশেষ উল্লেখ দাবি করে- যেমন, 'সবিশেষ বিশেষণ' শীর্ষক নিবন্ধ (জ্যোতির্ময় দত্তকে লেখা), 'কবিতার মুহূর্ত' (কবিতার বই, সঙ্গে সেই কবিতাটির সৃষ্টির কারণ), সমর সেন স্মরণে নিবন্ধ, "লাইনেই ছিলাম বাবা" শীর্ষক কবিতা সংকলন প্রভৃতি। এগুলি শুধু সমকালীন প্রজন্মকে নয়, আগামী বহু যুগের সংগ্রামী, বিবেকী প্রজন্মকে অনুপ্রেরণা দেবে, উদ্বুদ্ধ করবে।

যখন অনেক ব্যক্তিত্বই নীরবতার পথ পছন্দ করেছেন তখন প্রয়াত প্রতিবাদী কবি ভাঙ্গরের আন্দোলনের উপর রাষ্ট্রীয় দমনের প্রতিবাদ করেছিলেন, রাজ্য সরকারকে আন্দোলনকারীদের সঙ্গে আলোচনায় বসার আবেদন জানিয়েছেন। সাম্প্রদায়িক বিদ্বেষের বিরুদ্ধে, সম্প্রীতির পক্ষে সতত সরব ছিলেন। তাঁর "তিসরা ঝাঁকি" কবিতাটি ২০০২ সালের গুজরাট গণহত্যাকে ধিক্কার জানানো থেকে গৌরীলঙ্কেশদের হত্যাকে নিন্দার স্পষ্ট বহিঃপ্রকাশ ছিল; কিছুদিন আগে তাঁর 'বদল' কবিতাতে তিনি পশ্চিমবঙ্গের সাম্প্রতিক পরিস্থিতিতে তুলে ধরেন। অতি সম্প্রতি তার ছোট কবিতা 'মুক্ত গণতন্ত্র' চলতি উন্নয়নের মুখোশ খুলে দিয়েছিল।

এপিডিআর সঙ্গে কবির নিবিড় যোগাযোগ ছিল বহু দশক জুড়ে। বন্দিমুক্তি থেকে রাষ্ট্রীয় সন্ত্রাসের বিরুদ্ধে সমিতি যখনই তাঁর মতামত, স্বাক্ষর চেয়েছে, তখনই দিয়েছেন। প্রতিবাদকে কখনো ফেরাননি। বরং উৎসাহিত করেছেন। সমিতি গর্বিত যে, দীপঙ্কর চক্রবর্তী ও কবি সব্যসাচী দেব-এর সম্পাদনায় সমিতি ২০০৮ সালে "সময় পটে শঙ্খ ঘোষ" শীর্ষক গ্রন্থে কবির ১৯৫১ থেকে ২০০৬ পর্যন্ত কিছু কবিতা প্রকাশ করে। কবি ভীষণ খুশি হয়েছিলেন সমিতির 'রবীন্দ্রনাথ ও মানবাধিকার' শীর্ষক প্রকাশন দেখে। শুধু সমিতি নয়, বাংলা তথা ভারতের গণতান্ত্রিক আন্দোলন হারালো এক বিবেকের কণ্ঠস্বরকে।

আমরা তাঁকে গভীর শ্রদ্ধা জানাই। তাঁর পরিবার পরিজনদের প্রতি বইলো আন্তরিক সমবেদনা।

ধীরাজ সেনগুপ্ত

General Secretary
Association For Protection
Of Democratic Rights

